অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/18/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল বাফেলোতে বর্ণবাদী গণ গুলিবর্ষণের পরবর্তীতে অভ্যন্তরীণ সন্ত্রাসবাদের বৃদ্ধির সাথে লড়াই করতে, স্টেটের বন্দুক আইন জোরদার করতে এবং চরমপন্থী সহিংসতার ঘটনার প্রচার করে এমন সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম বন্ধ করতে সার্বিক প্যাকেজের প্রতি সমর্থন ঘোষণা করলেন

সন্ত্রাসবাদবিরোধী অফিসের অধীনে একটি নতুন অভ্যন্তরীণ সন্ত্রাসবাদ ইউনিট গঠনে নির্বাহী আদেশে স্বাক্ষর করলেন যার মনোযোগ হবে মৌলবাদ নির্মূল এবং ঝুঁকির যাচাই ব্যবস্থাপনা; সোশ্যাল মিডিয়াতে চরমপন্থী সহিংস হুমকির উপর নজর রাখতে এবং সাড়াদান করতে নিবেদিত স্টেট পুলিশ ইউনিট স্থাপন করলেন

স্টেট পুলিশের জন্য নিউ ইয়র্ক স্টেট রেড ফ্ল্যাগ আইনের অধীনে সম্ভাব্য বিপজ্জনক মানুষের জন্য বন্দুক কিনি ও কাছে রাখা নিষিদ্ধ করতে সম্ভাব্য কারণসহ চরম ঝুঁকির সুরক্ষা আদেশসমূহকে ফাইল করা আবশ্যক করে নির্বাহী আদেশে স্বাক্ষর করলেন

সড়ক থেকে বিপজ্জনক বন্দুক অপসারণ করতে "অন্য বন্দুক" লুপহোল বন্ধ করতে নতুন বিধিমালার প্রস্তাবনা করছেন যেখানে আগ্নেয়াস্ত্রের সংজ্ঞা সংশোধন ও বিস্তৃত করা হবে

বন্দুক অপরাধের রিপোর্টিং জোরদার করতে এবং আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী যাতে অপরাধের সময় ব্যবহার করা বন্দুক আরো ভালোভাবে ট্র্যাক করতে পারে সে ব্যাপারে সাহায্য করতে সেমি-অটোমেটিক পিস্তলের মাইক্রোস্ট্যাম্পিং আবশ্যক করে বিধিমালা পাশ করতে আইনসভার সাথে কাজ করবেন

অ্যাটর্নি জেনারেলের অফিসে রেফারেল জারি করলেন সহিংসতার সম্প্রচার, প্রচার এবং সহজ করতে বাফেলো গুলিবর্ষণের সন্দেহভাজনের ব্যবহৃত সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মসমূহ তদন্ত করার জন্য

শনিবার বাফেলোর একটি সুপারমার্কেটে শ্বেতাঙ্গ আধিপত্যবাদী সন্ত্রাসবাদের ঘটনার সরাসরি সাড়াদান হিসেবে, গভর্নর ক্যাথি হোকল আজকে একটি সার্বিক প্যাকেজ উন্মোচন করলেন যা অভ্যন্তরীণ সন্ত্রাসবাদ এবং সহিংস চরমপন্থী কার্যকলাপের বিরুদ্ধে লড়াই করে, স্টেটের বন্দুক আইন জোরদার করে এবং এর লুপহোল বন্ধ করে এবং সহিংস, বেআইনি কাজ প্রচার ও

সম্প্রচার করে এমন বিষয়বস্তু ধারণ ও বিস্তারকারী এবং আমাদের সম্প্রদায়সমূহকে বিপন্নকারী সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম বন্ধ করে।

"গত সপ্তাহান্তে বাফেলোতে একজন শ্বেতাঙ্গ আধিপত্যবাদীর সম্পাদিত ভয়ানক এবং ঘৃণ্য সন্ত্রাসী কর্মকাণ্ড প্রদর্শন করে যে একটি দেশ হিসেবে আমরা দুইটি সঙ্কটকে মিলিত হতে দেখছি: শ্বেতাঙ্গ জাতীয়তাবাদ, বর্ণবাদ এবং শ্বেতাঙ্গ আধিপত্যবাদসহ ঘৃণা বক্তব্যকে সাধারণ ঘটনায় পরিণত করা, এবং মিলিটারি-স্টাইল অস্ত্র ও ম্যাগাজিনের সহজলভ্যতা," **গভর্নর হোকল বলেন**। "এটি নিউ ইয়র্কে আমাদের জাগ্রত হওয়ার সময় এবং আমরা এই প্রাণঘাতী হুমকির সমাধানে সরাসরি ব্যবস্থা গ্রহণ করছি। আজকে আমি , অভ্যন্তরীণ সন্ত্রাসবাদের উদ্বেগজনক উত্থানের বিরুদ্ধে লড়াই করার জন্য উল্লেখযোগ্য পরিমাণ সংস্থান ও মনোযোগ নিবেদিত করে নির্বাহী আদেশ জারি করেছি, যা মৌলবাদী ব্যক্তিদের সনাক্ত করে এবং সোশ্যাল মিডিয়াতে তাদের হুমকির বিস্তার ট্র্যাক করে, এবং স্টেট পুলিশকে বিপজ্জনক মানুষের কাছ থেকে বন্দুক দূরে রাখার জন্য আরো ক্ষমতা প্রদান করবে। এছাড়াও আমি অ্যাটর্নি জেনারেলের কাছে একটি রেফারেল চিঠি পাঠাচ্ছি বাফেলো গুলিবর্ষণে সোশ্যাল মিডিয়ার ভূমিকা তদন্ত করার জন্য, এবং আমি একাধিক বিধিমালা পাশ করার আহ্বান করছি যা আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে সড়ক থেকে বন্দুক দূরে রাখার কাছে সাহায্য করবে।"

"আমরা এই মহামারীকে সামনে থেকে মোকাবেলা করতে থাকবো, আমাদের সম্প্রদায়কে হুমকিগ্রস্ত করা চরমপন্থীদের নির্মূল করবো, দেশের সবথেকে কঠিন বন্দুক আইনকে আরো জোরদার করবো এবং নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখতে সম্ভাব্য সকল কিছু করবো," **গভর্নর হোকল যোগ করেন।**

"বাফেলোর সন্ত্রাসী হামলা আরেকবার প্রকাশ করলো ঘৃণা বিস্তার ও প্রচারকারী অনলাইন ফোরামগুলির গভীরতা ও বিপদের ব্যাপারে," **অ্যাটর্নি জেনারেল লেটিশিয়া জেমস বলেন।** "একজন ব্যক্তি যে কোনও পরিণতি ছাড়াই এমন ঘৃণ্য কর্ম করার আগে বিস্তারিত পরিকল্পনা পোস্ট করতে পারে এবং বিশ্বের সকলের দেখার জন্য তা স্ট্রিম করতে পারে, তা গা কাঁপিয়ে দেয় এবং অচিন্তনীয়। আমরা যখন কেড়ে নেওয়া জীবন নিয়ে শোক প্রকাশ করছি ও তাদের সম্মান জানাচ্ছি, তখন আমরা এইসব কোম্পানি এবং এই হামলায় তাদের ভূমিকা তদন্ত করে দেখছি। সময় সময়ে, আমরা বাস্তব জীবনে এমন বিধ্বংসী ঘটনা দেখেছি যা এইসব বিপজ্জনক ও ঘৃণ্য প্ল্যাটফর্মে জন্ম নিয়েছে, এবং আমরা আমাদের ক্ষমতার মধ্যে সকলি কিছু করছি এই বিপজ্জনক আচরণে আলোকপাত করার জন্য এবং এটি যাতে আর না হয় তা নিশ্চিত করার জন্য।"

এইসব ব্যবস্থার মধ্যে, গভর্নর হোকল দুইটি নির্বাহী আদেশ জারি করেছেন। প্রথম নির্বাহী আদেশটি তৈরি করা হয়েছে অভ্যন্তরীণ সন্ত্রাসবাদ ও সহিংসতা চরমপন্থী ঘটনার উদ্বেগজনক বৃদ্ধির সাথে লড়াই করতে যা প্রায়শ সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম ও ইন্টারনেট ফোরাম দ্বারা অনুপ্রাণিত, বা সেখানে পরিকল্পিত ও পোস্ট করা হয়। নির্বাহী আদেশটি হোমল্যান্ড সিকিউরিটি এবং ইমার্জেন্সি সার্ভিসেস ডিভিশনকে (Division of Homeland Security and Emergency Services) এর সন্ত্রাসবাদ বিরোধী অফিসের (Office of Counter Terrorism) অধীনে একটি নতুন ইউনিট স্থাপন করতে আহ্বান করে, যা শুধু অভ্যন্তরীণ সন্ত্রাসবাদ প্রতিরোধে নিবেদিত থাকবে।

নতুন ইউনিটটি ঝুঁকি যাচাই ব্যবস্থাপনা, স্থানীয়দের তাদের নিজস্ব ঝুঁকি যাচাই ব্যবস্থাপনা দল গঠন ও পরিচালনার জন্য এবং মৌলবাদ সৃষ্টির প্রক্রিয়ায় বাধাদানে সোশ্যাল মিডিয়ার ব্যবহারের জন্য তহবিল বিতরণ করবে। এছাড়াও এটি আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের, মানসিক স্বাস্থ্য পেশাদার এবং স্কুল কর্মকর্তাদের অভ্যন্তরীণ ও স্ববিকশিত সহিংস চরমপন্থী কার্যকলাপ ও মৌলবাদের বৃদ্ধির ব্যাপারে শিক্ষিত করে এবং একইসাথে মৌলবাদ সৃষ্টির প্রক্রিয়া সনাক্ত ও সেখানে হস্তক্ষেপের সেরা অনুশীলন তৈরি করে।

এছাড়া নির্বাহী আদেশ নিউ ইয়র্ক স্টেট পুলিশকে নিউ ইয়র্ক স্টেট ইন্টেলিজেন্স সেন্টারের অধীনে সোশ্যাল মিডিয়ার মাধ্যমে অভ্যন্তরীণ সহিংস চরমপন্থী কার্যকলাপ খুঁজে বের করতে একটি নিবেদিত ইউনিট স্থাপন করতে আহ্বান করে। ইউনিটটি সোশ্যাল মিডিয়া বিশ্লেষণের মাধ্যমে সূত্রের তদন্ত বিকাশ করবে, যার বিশেষ মনোযোগ থাকবে সম্ভাব্য হুমকি এবং মৌলবাদ ও সহিংস চরমপন্থী মনোভাব দ্বারা অনুপ্রাণিত ব্যক্তিদের সনাক্ত করা। পরিশেষে, নির্বাহী আদেশ প্রত্যেক কাউন্টিকে অভ্যন্তরীণ সন্ত্রাসবাদ মোকাবেলায় তাদের বর্তমান কৌশল, পলিসি এবং পদ্ধতির একটি সামগ্রিক পর্যালোচনা করতে আহ্বান করে।

দ্বিতীয় নির্বাহী আদেশটি যখনই কোনও ব্যক্তি নিজের বা অন্যের জন্য সম্ভাব্য ক্ষতির কারণ হয়ে উঠতে পারে বলে মনে হবে তখন নিউ ইয়র্ক স্টেটে রেড ফ্ল্যাগ আইনের অধীনে একটি চরম ঝুঁকি সুরক্ষা আদেশ ফাইল করা স্টেট পুলিশের জন্য আবশ্যক করে।

এছাড়াও গভর্নর হোকল নির্বাহী আইন সেকশন 63(8) এর অধীনে অ্যাটর্নি জেনারেলের অফিসে একটি রেফারেল ইস্যু করেছেন, সহিংসতার সম্প্রচার, প্রচার এবং সহজ করতে, ঘৃণা বিস্তারে এবং প্রতিস্থাপন তত্ত্ব বৈধকরণে বাফেলো গুলিবর্ষণের সন্দেহভাজনের ব্যবহৃত সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মসমূহ নিয়ে তদন্ত ও গবেষণা করার জন্য। এই তদন্তে যা পাওয়া যাবে তা ঘৃণা ও সহিংসতা চরমপন্থী কার্যকলাপের সাথে লড়াইয়ে নিউ ইয়র্ক স্টেটের কৌশল উন্নত ও অগ্রসর করতে ব্যবহার করা হবে।

প্যাকেজের একটি অংশ হিসেবে, গভর্নর হোকল এছাড়াও বিধানিক ব্যবস্থার একটি সিরিজ অগ্রসর করার চেষ্টা করছেন যা আইন শৃঙ্খলা রক্ষাকারীদের বন্দুক সংক্রান্ত অপরাধ তদন্ত এবং প্রতিরোধ করতে সাহায্য করবে। গভর্নর "অন্য বন্দুক" লুপহোল বন্ধ করতে নতুন বিধিমালার প্রস্তাবনা করছেন যেখানে আগ্নেয়াস্ত্রের সংজ্ঞা সংশোধন ও বিস্তৃত করা হবে, যার ফলে আরো বেশি বন্দুক ইতিমধ্যে বিদ্যমান আগ্নেয়াস্ত্র আইনের আওতায় আসবে।

এছাড়াও গভর্নর হোকল বন্দুক সম্পর্কিত অপরাধের তদন্তের ব্যাপারে এবং এটিকে স্ট্রিমলাইন করার জন্য আইনসভার সাথে দুইটি বিল পাশ করানোর কাজ করছেন। প্রথমটি একটি পদ্ধতি নির্ধারণ করবে যেখানে প্রস্তুতকৃত বা নিউ ইয়র্কের লাইসেন্সকৃত ডিলারদের কাছে সরবরাহ করা সেমি-অটোমেটিক পিস্তলের মাইক্রোস্ট্যাম্পিং-সক্রিয় করা আবশ্যক হবে। মাইক্রোস্ট্যাম্পিং একটি উদ্ভাবনী গোলাবারুদ সনাক্তকারী কৌশল যা প্রতিবার আগ্নেয়াস্ত্র ডিসচার্জ হওয়ার সময় বুলেট এবং কার্টিজ কেসকে একটি অনন্য আঙ্গুলের ছাপ দ্বারা চিহ্নিত করে। এর ফলে তদন্তকারীরা ঘটনাস্থলে পাওয়া বুলেট এবং কার্টিজকে একটি নির্দিষ্ট বন্দুক এবং অন্যান্য সম্ভাব্য অপরাধের সাথে সংযুক্ত করতে পারবে। বিধিমালার দ্বিতীয় অংশটি সকল আইন শৃঙ্খলা

রক্ষাকারী এজেন্সির জন্য যেকোনও অপরাধ বন্দুক পাওয়ার 24 ঘণ্টার মধ্যে তা রিপোর্ট করা আবশ্যক করে বন্দুক রিপোর্টিং প্রটোকলকে জোরদার করবে।

এই সর্বশেষ ব্যবস্থাগুলি বন্দুক সহিংসতা মহামারী সমাধানে গভর্নর হোকলের অব্যাহত প্রতিশ্রুতির অংশ। প্রণীত স্টেট বাজেটে জননিরাপত্তা আইনে অর্থপূর্ণ ও উল্লেখযোগ্য পরিবর্তন রয়েছে এবং একই সাথে আইন শৃঙ্খলা রক্ষাকারী এবং সম্প্রদায়ভিত্তিক সংগঠনের সহিংসতা প্রতিরোধ প্রচেষ্টাকে জোরদার করে এমন সাহসী উদ্যোগের জন্য 227 মিলিয়ন মার্কিন ডলার রয়েছে।

অভ্যন্তরীণ সন্ত্রাসী হামলায় সাম্প্রতিক বৃদ্ধি পুরো মার্কিন যুক্তরাষ্ট্রে জন নিরাপত্তার সর্বাধিক জরুরি হুমকিগুলির একটির প্রতিনিধিত্ব করে। গত এক দশকে, অভ্যন্তরীণ সন্ত্রাসী হামলা এবং ঘটনা জাতীয়ভাবে তিন গুণ বৃদ্ধি পেয়েছে। 2021 সালে, 73টি সন্ত্রাসী হামলা ও ঘটনা হয়েছে, যার মধ্যে 38টি শ্বেতাঙ্গ আধিপত্যবাদী এবং একই ধরনের সমমনা সন্ত্রাসী হামলা ও ঘটনা।

নিউ ইয়র্ক স্টেট ভিকটিম সার্ভিসেস অফিসের পরিচালক এলিজাবেথ ক্রোনিন বলেন, "OVS-এ আমরা ভিকটিমদের এবং বর্ণবাদ ও গত শনিবার অর্থহীনভাবে নিজ নিজ কাজে ব্যস্ত থাকা নিরীহ মানুষ হত্যা দ্বারা প্রভাবিত সকলকে সমর্থন করার জন্য আমাদের ক্ষমতার মধ্যে সবকিছু করছি। আমরা গভর্নর হোকল এবং তার নিজের টাউনের বাসিন্দাদের শোকের সময়, সেরে উঠার প্রচেষ্টায় এবং এমন কিছু যাতে আর না ঘটে তা নিশ্চিত করার চেষ্টায় তাদের সমর্থনে সকল নিউ ইয়র্কবাসীর সাথে যোগদান করছি। আমরা গভর্নর হোকলকে এই সময়ে তার দৃঢ়তা ও নেতৃত্বের এবং ভিকটিমদের সমর্থনে ও আমাদের পুরো স্টেটে বন্দুক সহিংসতা ও ঘৃণা অপরাধ হ্রাস করতে তার অবিচল প্রতিশ্রুতির প্রশংসা করছি।"

OVS একটি অতি গুরুত্বপূর্ণ সেফটি নেট প্রদান করে এবং একটি অপরাধের ফলে হওয়া খরচ পরিশোধ করতে পারে যখন ব্যক্তির তা পরিশোধ করার উপায় থাকে না, যেমন অন্ত্যেষ্টিক্রিয়া ও কবর দেওয়ার খরচ, মেডিকেল ও কাউন্সেলিং ব্যয় এবং বেতন ও সমর্থন হারানো ভিকটিম ও পরিবারগুলিকে সহায়তা করা সহ অন্যান্য খরচ।

OVS ট্রমা-জ্ঞাত সমর্থন এবং জেফারসন অ্যাভিনিউতে দুঃখজনক ঘটনাটি এবং চলমান অপরাধ তদন্তের জন্য টপস ফ্রেন্ডলি মার্কেটস বন্ধ হওয়ার দ্বারা প্রভাবিত বাসিন্দাদের অবিলম্বে সেবাদানের একটি কমিউনিটি আউটরিচ সেন্টার স্থাপন করতে ইরি কাউন্টির ডিস্ট্রিক্ট অ্যাটর্নি জন জে. ফ্লিন এবং ফেডারেল ইনভেস্টিগেশন ব্যুরো এবং বাফেলো পুলিশ ডিপার্টমেন্টের সাথে যোগ দিয়েছে। সেন্টারটি আজকে রাতে এই কঠিন সময়ে সাহায্যের প্রয়োজনে থাকা সকলের জন্য খুলবে। সেবার মধ্যে রয়েছে মুদি, ইউটিলিটির পেমেন্ট, ব্যাংকিং সেবা এবং মানসিক স্বাস্থ্য কাউন্সেলিংয়ে সহায়তা।

ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস ডিভিশনের কমিশনার রোসানা রোসাডো বলেন, "বাফেলোর ভয়াবহ গণ গুলিবর্ষণ একটি এলাকা, একটি শহর, একটি স্টেট, এবং একটি দেশের সামাজিক বুননকে ছিন্ন করেছে। আমাদের প্রতিবেশী, পরিবার এবং প্রিয়জনদের উপর ঘৃণাতাড়িত চরমপন্থী কার্যকলাপ দ্বারা সৃষ্ট পীড়া, ক্ষতি এবং ট্রমাকে বৃথা যেতে দেওয়া যেতে পারে না এবং হবে না। আমাদেরকে অবশ্যই সেইসব মানুষের কথা শুনতে হবে যারা সর্বাধিক ক্ষতিগ্রস্ত হয়েছে এবং তাদের শোক প্রকাশ, নিরাময় ও এই দুঃখজনক ঘটনা কাটিয়ে উঠতে

তাদের পাশে থাকতে হবে। গভর্নর হোকলের নেতৃত্ব অনুসরণ করে আমাদেরকে অবশ্যই ঘৃণা ও বর্ণবাদের বিরুদ্ধে, ভবিষ্যতের সহিংস চরমপন্থী কার্যকলাপ প্রতিরোধে, এবং অমাদের সম্প্রদায়ে অবৈধ বন্দুকের প্রবাহ ঠেকাতে কাজ করতে হবে। আমরা বন্দুক সহিংসতা মহামারী শেষ করতে সাহায্য করার জন্য গভর্নর হোকলের পাশে আছি।"

হোমল্যান্ড সিকিউরিটি এবং ইমার্জেন্সি সার্ভিসেস ডিভিশনের কমিশনার জ্যাকি ব্রে বলেন, "কোনও ভুল করবেন না, শ্বেতাঙ্গ আধিপত্যবাদীতা এবং ইহুদিবিরোধিতা দ্বারা চালিত অভ্যন্তরীণ সন্ত্রাসবাদ আমাদের দেশের মাটির জন্য প্রধান হুমকি। সন্ত্রাসবাদ বিরোধী অফিসের অধীনস্থ নতুন ইউনিটটি এইসব হুমকি এবং সেগুলিকে ইন্ধন যোগানো বিষের জন্য প্রয়োজনীয় সংস্থান, মনোযোগ ও সাড়াদানকে জোরদার করবে।"

স্টেটের পুলিশ সুপারিন্টেন্ডেন্ট কেভিন পি. ব্রুয়েন বলেন, "স্টেট পুলিশ আমাদের আইন শৃঙ্খলা রক্ষাকারী বন্দুক সহিংসতার বিরুদ্ধে এবং অভ্যন্তরীণ সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াই করতে আমাদের স্থানীয়, স্টেট এবং ফেডারেল পর্যায়ে অংশীদারদের সাথে কাজ করার জন্য মনোযোগী আছে। আমরা এইসব প্রচেষ্টাকে আরো সম্প্রসারিত করতে গভর্নর হোকলে এবং আইনসভার সমর্থনের প্রশংসা করছি। কোনও একক আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সি এইসব সমস্যার সমাধান করতে পারবে না, এ ব্যাপারে অগ্রগতি করার জন্য প্রয়োজন সম্প্রদায় এবং এমনকি স্টেট সীমানা ছাড়িয়ে একটি সম্মিলিত প্রচেষ্টা।"

সিনেটর কির্স্টেন জিলিব্র্যান্ড বলেন, "শনিবারের গুলিবর্ষণ একটি দুর্বোধ্য দুঃখজনক ঘটনা যা 10 জন নিরপরাধ নিউ ইয়র্কবাসীর জীবন কেড়ে নিয়েছে। আমাদেরকে এটি পুনরায় হওয়া প্রতিরোধ করতে সাহায্য করার জন্য আমাদের পক্ষে সম্ভব সব কিছু করতে হবে, অর্থাৎ আক্রমণাত্মক অস্ত্র আমাদের সড়ক এবং বিপজ্জনক চরমপন্থীদের থেকে সরিয়ে ফেলা এবং অনলাইন প্ল্যাটফর্মগুলি বর্ণবাদমূলক ধ্যান ধারণা বিস্তার ও প্রচারে কী ভূমিকা পালন করছে তা তদন্ত করা। আমি এই দ্রুত এবং সিদ্ধান্তমূলক পদক্ষেপ নেওয়ার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি এবং আমি ফেডারেল পর্যায়ে সাধারণ বোধমূলক বন্দুক সংশোধনী, চরমপন্থীদের সাথে লড়াই, এবং নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখার জন্য লড়াই করতে থাকবো।"

প্রতিনিধি ব্রায়ান হিগিন্স বলেন, "পরিবার, কর্মী, প্রতিবেশী এবং সম্পূর্ণ বাফেলো সম্প্রদায় যে কষ্ট পেয়েছে, সেরকম কিছু অন্য কোনও মানুষ বা শহরকে সহ্য করতে হওয়া উচিত না। পদক্ষেপ এখন জরুরি ও প্রয়োজনীয়। গভর্নর ক্যাথি হোকল এমন সার্বিক ব্যবস্থা নিয়ে নেতৃত্ব দান করছেন যা লুপহোলকে সমূলে উৎপাটিত করবে এবং নিউ ইয়র্কবাসীদের আরো ভালোভাবে সুরক্ষিত রাখবে। এই সপ্তাহে প্রতিনিধিদের হাউজ এর নিজস্ব অভ্যন্তরীণ সন্ত্রাসবাদ প্রতিরোধ বিল পাশ করার মাধ্যমে তাকে অনুসরণ করবে। একত্রে আমাদেরকে সম্ভাব্য সকল কিছু করতে হবে এধরনের প্রয়োজনীয় দুঃখজনক ঘটনার অবিরাম উপস্থিতি প্রতিরোধ করার জন্য।"

স্টেট সিনেটর ব্র্যাড হোলিম্যান বলেন, "সার্বিক বন্দুক সহিংসতা বিধিমালা পাশ করা আক্ষরিক অর্থেই নিউ ইয়র্কবাসীদের জীবন মরণের বিষয়। আমরা আমাদের সময়ের সব থেকে বড় সমস্যাগুলির একটির সাথে লড়াই করছি, এবং যদিও আমাদের আজকের প্রচেষ্টা বাফেলো হামলায় বর্ণবাদ সম্পর্কিত সন্ত্রাস হামলায় প্রাণ হারানোদের জীবন ফিরিয়ে দিবে না, তবে আমরা

এই বিলের প্যাকেজের মাধ্যমে ভবিষ্যতের বন্দুক সহিংসতা নির্মূলে কাজ করতে পারি। আমাদের মাইক্রোস্ট্যাম্পিং বিল (S.4116A/A.7926) বন্দুক প্রস্তুতকরণ ও ডিলারদের জন্য মাইক্রোস্ট্যাম্পিং প্রযুক্তি বাস্তবায়ন করা আবশ্যক করবে, যা খরচ হওয়া গোলাবারুদ একটি ট্র্যাকযোগ্য সিরিয়াল নম্বর যোগ করে, এবং এটি জননিরাপত্তা নিশ্চিত করতে ও অপরাধ প্রতিরোধে সাহায্য করবে। আমি গভর্নর হোকলের প্রশংসা করছি এই দ্রুত ও কার্যকর উপায়ে বন্দুক সহিংসতার বিপক্ষে ব্যবস্থা গ্রহণের জন্য, এবং আমি অ্যালবানিকে এই সেশন শেষ হওয়ার পূর্বে প্রতিটি বিল পাশ করার তাগাদা দিচ্ছি।"

স্টেট সিনেটর ব্রায়ান ক্যাভানা বলেন, "আমাদের স্টেট এবং আমাদের দেশজুড়ে শোক তরঙ্গ পাঠানো এই ঘৃণ্য, বর্ণবাদী আক্রমণের পরবর্তীতে, আমি গভর্নর ক্যাথি হোকল ও সরকারে আমাদের সহকর্মীদের সাথে যোগ দিয়ে নিউ ইয়র্কবাসীদেরকে বন্দুক সহিংসতার উন্মাদনা থেকে রক্ষা করার দ্রুত পদক্ষেপ নিতে পেরে গর্বিত। আমরা কখনোই আমাদের দেশ থেকে এমন নৃশংসতা সম্পূর্ণরূপে দূর করতে পারবো না যতদিন না বন্দুক শিল্প এবং অনেক স্টেটের কংগ্রেসে তাদের পক্ষের লোকেরা দায়িত্বশীল ভাবে কাজ করে এবং এই সহিংসতা বন্ধকারী আইন প্রতিরোধ করা বন্ধ না করে। কিন্তু আমরা আজকে যে ধরনের ব্যবস্থা নিচ্ছি তা নিউ ইয়র্কে আমাদের সম্ভব এমন সব কিছু করার আমাদের চলমান প্রতিশ্রুতির একটি গুরুত্বপূর্ণ অংশ। আমি এই অসম্ভব কঠিন সময়ে তার অবিচল নেতৃত্বের জন্য গভর্নর হোকলকে এবং বর্ণবাদমূলক ঘৃণা ও চরম সহিংসতার দ্বৈত কলঙ্কের বিরুদ্ধে লড়াইয়ে যোগদানকারী সকলকে ধন্যবাদ জানাচ্ছি।"

অ্যাসেম্বলি সদস্য লিন্ডা বি. রোজেনথাল বলেন, "গত সপ্তাহান্তে বাফেলোর অবর্ণনীয় দুঃখজনক গুলিবর্ষণ একটি উদাহরণ যে চরমপন্থীদের তাদের বর্ণবাদমূলক ঘৃণা বক্তব্য বিস্তার করার এবং নিরপরাধ জীবন কেড়ে নেওয়ার অশুভ পরিকল্পনা বাস্তবায়ন করার ক্ষমতা প্রদান করলে কী হতে পারে। কৃষ্ণাঙ্গ সম্প্রদায়ের বিরুদ্ধে এই হামলার পরবর্তীতে, নিউ ইয়র্ক স্টেটকে অবশ্যই এমন মৌলবাদী ও চরমপন্থী চক্রান্ত তত্ত্বের বিরুদ্ধে সুরক্ষার লড়াইয়ে নেতৃত্ব দিতে হবে এবং আমাদের সম্প্রদায়সমূহকে রক্ষা করবে এমন আরো কঠিন বন্দুক আইনের জন্য চাপ প্রয়োগ করতে হবে। নিউ ইয়র্ক স্টেটে সেমি-অটোমেটিক পিস্তল বিক্রির জন্য মাইক্রোস্ট্যাম্পিং আবশ্যককারী বিধিমালার স্পন্সর হিসেবে, আমি গভর্নর হোকলের নেতৃত্ব এবং সাহসী পদক্ষেপের জন্য তার প্রশংসা করছি যা নিশ্চিত করবে যে ক্ষতি করতে চায় এমন কারো কাছে যাতে বন্দুক পৌঁছাতে না পারে। একবার আমাদের মাইক্রোস্ট্যাম্পিং বিধিমালা আইনে পরিণত হয়ে গেলে, আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কাছে অপরাধী খুঁজে বের করার এবং বন্দুক সহিংসতার কলঙ্ক নির্মূলের আরেকটি হাতিয়ার থাকবে।"

অ্যাসেম্বলি সদস্য জো অ্যান সাইমন বলেন, "ধন্যবাদ গভর্নর হোকল, NY-র চরম ঝুঁকি সুরক্ষা আদেশ বাস্তবায়ন বৃদ্ধি করতে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য। নিউ ইয়র্ক যাতে আমাদের সম্প্রদায়ের নিরাপত্তা ও ভালো থাকা নিশ্চিত করতে সম্ভাব্য সব কিছু করে তা নিশ্চিত করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই নির্বাহী আদেশটি পুলিশ কর্মকর্তাদের ERPO প্রশিক্ষণ আবশ্যিক করবে এবং ERPO যোগ্যতা নির্ণায়ক অর্জনকারী মামলার সুপ্রিম কোর্টে দায়ের করা আবশ্যক করবে, যার ফলে জীবন রক্ষা করা যাবে। ERPO মানুষকে নিজেদের বা অন্যদের ক্ষতিগ্রস্ত করা থেকে প্রতিরোধ করে, এবং আমি এর বাস্তবায়ন জোরদার করা সমর্থন করি।"

কুইন্সের ডিস্ট্রিক্ট অ্যাটর্নি মেলিন্ডা ক্যাটজ বলেন, "একত্রে আমাদেরকে আমাদের এলাকায় বন্দুক বিস্তার ঠেকাতে হবে। এই প্রচেষ্টার মধ্যে রয়েছে তাদের ব্যবহার ট্র্যাক করা, ইনভেন্টরি হ্রাস করা এবং গুলি করতে ব্যবহৃত অস্ত্র সনাক্ত করা। গভর্নরের প্রস্তাব স্টেটকে সেই পথে নিয়ে যেতে থাকবে।"

ব্রংক্সের ডিস্ট্রিক্ট অ্যাটর্নি ডারসেল ডি. ক্লার্ক বলেন, "বাফেলো সুপারমার্কেটে কৃষ্ণাঙ্গ হওয়ার কারণে 10 জনকে হত্যা করার অভিযোগে অভিযুক্ত তরুণ বন্দুকবাজ এই স্টেটে বৈধ উপায়ে বন্দুক ক্রয় করতে পেরেছে, এবং সে এটিকে অবৈধ উচ্চ ধারণক্ষমতার ম্যাগাজিন দিয়ে পরিবর্তন করে নিয়েছে। সে গত বছর হাই স্কুলে শিক্ষার্থীদের মারার হুমকি দিয়েছে, যা স্থানীয় পুলিশ তদন্ত করেছে। আগ্নেয়াস্ত্রের সংজ্ঞা "অন্য যেকোনও অস্ত্রে" সম্প্রসারণ করার প্রস্তাবিত আইনটি রূপান্তরযোগ্য আক্রমণাত্মক অস্ত্র অন্তর্ভুক্ত করবে, এবং যখনই কোনও ব্যক্তি নিজের বা অন্যের জন্য সম্ভাব্য ক্ষতির কারণ হয়ে উঠতে পারে বলে মনে হবে তখন নিউ ইয়র্ক স্টেটে রেড ফ্ল্যাগ আইনের অধীনে একটি চরম ঝুঁকি সুরক্ষা আদেশ ফাইল করা স্টেট পুলিশের জন্য আবশ্যক করা এই গণ গুলিবর্ষণ শেষ করতে আমাদের লড়াইয়ে সাহায্য করবে। "গভর্নর হোকলের নির্বাহী আদেশ স্টেট পুলিশকে আহ্বান করে সোশ্যাল মিডিয়ার মাধ্যমে অভ্যন্তরীণ সহিংস চরমপন্থী কার্যকলাপ ট্র্যাক করতে একটি ইউনিট স্থাপন করার জন্য, এটি নিউ ইয়র্কবাসীদের নিরাপত্তা উন্নত করার জন্য আরো একটি ব্যবস্থা।

রেভারেন্ড অ্যাল শার্পটন বলেন, "সরকার এবং বিধায়কদের জন্য বর্ণভিত্তিক অভ্যন্তরীণ সন্ত্রাসবাদের হুমকিকে অত্যন্ত গুরুতরভাবে বিবেচনা করা এবং এর মোকাবেলা করতে ক্ষমতার মধ্যে সব কিছু করা অত্যাবশ্যক; এই দেশের ইতিহাসের যেমন করে এই দেশ, বিধায়ক এবং গভর্নরেরা জিম ক্রো আইন, নারী অধিকারের আইন, এবং LGBTQIA অধিকারের আইনের ক্ষেত্রে কাজ করেছে। আমাদেরকে অবশ্যই এখন এই ঘটনার পরিপ্রেক্ষিতে বর্ণভিত্তিক শ্বেতাঙ্গ আধিপত্যবাদীতা সৃষ্ট অভ্যন্তরীণ সন্ত্রাসবাদকে বিধিমালা দিয়ে সমাধান করতে হবে। আমরা শুধু সহানুভূতিশীল হলে চলবে না, আমাদের বিধিমালা ও আইন প্রণয়ন করতে হবে।"

নিউ ইয়র্কার্স এগেইনস্ট গান ভায়োলেন্সের নির্বাহী পরিচালক রেবেকা ফিশার বলেন, "যখন বন্দুক সহিংসতা এবং শ্বেতাঙ্গ আধিপত্যবাদীতা চালিত গুলিবর্ষণ আমাদের স্টেটকে জর্জরিত করছে এবং কৃষ্ণাঙ্গ ও বাদামি নিউ ইয়র্কবাসীদের অসামঞ্জস্যপূর্ণভাবে প্রভাবিত করছে, তখন আমরা কৃতজ্ঞ যে গভর্নর হোকল জীবন বাঁচাতে এই তাৎক্ষণিক পদক্ষেপ নিচ্ছেন। গভর্নরের নির্বাহী আদেশসমূহ এবং বিধিমালার প্রস্তাবনা গণ গুলিবর্ষণ, আত্মহত্যা, পারিবারিক সহিংসতা, এবং অন্যান্য বন্দুক সহিংসতা ঠেকাবে যা প্রতিদিন আমাদের সম্প্রদায়কে কলুষিত করছে।মাইক্রোস্ট্যাম্পিং প্রযুক্তি এবং অপরাধ বন্দুক রিপোর্টিং বন্দুক পাচার সঙ্কটের সমাধান করবে, বন্দুক ডিলারদের দায়বদ্ধ করবে এবং অপরাধ সমাধানে সাহায্য করবে। আমরা আজকে গভর্নর হোকলের পাশে দাঁড়াতে পেরে গর্বিত এবং নিউ ইয়র্কবাসীকে সুরক্ষা করতে এই সব জীবন রক্ষাকারী পলিসির পক্ষে কথা বলার জন্য তার প্রশংসা করছি।"

সাফোক কাউন্টি শেরিফ এরোল ডি. টৌলন জুনিয়র বলেন, "বন্দুক সহিংসতা এখন সর্বকালের সব থেকে বেশি এবং আমি এইসব বিস্তার প্রস্তাবনার জন্য গভর্নর হোকলের প্রশংসা

করছি, আমি বিশ্বাস করি যে এগুলি আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে এইসব অপরাধ সম্পাদনকারী ব্যক্তিদের খুঁজে বের করতে এবং আমাদের আরো বাসিন্দাদের ভিকটিম হওয়ার হাত থেকে রক্ষা করবে।"

অ্যালবানি পুলিশ চিফ এরিক হকিন্স বলেন, "অর্থহীন বন্দুক সহিংসতা পুরো নিউ ইয়র্ক স্টেটের সম্প্রদায়গুলিতে একটি বিধ্বংসী প্রভাব রেখেছে। আমি আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কাছে এই চলমান সমস্যা মোকাবেলায় প্রয়োজনীয় সংস্থান থাকা নিশ্চিত করতে গভর্নর হোকলের প্রতিশ্রুতির প্রশংসা করছি।"

ব্র্যাডি প্রেসিডেন্ট ক্রিস ব্রাউন বলেন, "যদিও নিউ ইয়র্কের বন্দুক সহিংসতা প্রতিরোধ আইনগুলি দেশের সবথেকে কঠিন আইনগুলির মধ্যে রয়েছে, সাধারণ বোধ সমাধান সেগুলিকে আরো শক্তিশালী করতে সাজায় করবে এবং আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে আরো সহজে অপরাধের সমাধান করতে সাহায্য করবে। গভর্নর হোকলের আজকের ঘোষিত পলিসিগুলি নিউ ইয়র্কের বিদ্যমান আইনগুলিকে আরো সূক্ষ্ম করতে সাহায্য করবে, যেমন চরম ঝুঁকির আইন যাকে আরো কার্যকরভাবে বাস্তবায়ন করা সম্ভব, এবং নতুন, প্রমাণভিত্তিক সমাধান প্রয়োগ করবে যেমন মাইক্রোস্ট্যাম্পিং প্রযুক্তি। এই পলিসিগুলি সাধারণ বোধ। এগুলি বাফেলোতে হামলার মতো ভবিষ্যৎ দুঃখজনক ঘটনা প্রতিরোধে সাহায্য করবে, পুরো স্টেটের সম্প্রদায়গুলিতে পরিবারকে বন্দুক সহিংসতার হাত থেকে রক্ষা করবে, এবং পুরো দেশের স্টেটগুলিতে একটি ইতিবাচক প্রভাবের সূচনা করবে। "

শেল্টারিং আর্মসের প্রধান নির্বাহী কর্মকর্তা এলিজাবেথ ম্যাকার্থি বলেন, "শেল্টারিং আর্মসে, আমরা এই দুঃখজনক ঘটনা থেকেই সেরে উঠার চেষ্টায় থাকা বাফেলো বাসিন্দাদের দুঃখ অনুধাবন করতে পারছি। বন্দুক সহিংসতা এবং ঘৃণা অপরাধ আমাদের সকলকে প্রভাবিত করে এবং আমাদের জন্য একত্রে এই সমস্যাগুলির সম্মুখীন হওয়া গুরুত্বপূর্ণ। আমাদের রক সেফ স্ট্রিটস দল ফার রকওয়েতে নিজেদের সম্প্রদায়ে বন্দুক সহিংসতা বন্ধ করতে কাজ করে এবং আমরা নিউ ইয়র্কের প্রত্যেক সম্প্রদায়ে শান্তি ফিরিয়ে আনতে স্টেটজুড়ে আমাদের অংশীদারদের সাথে কাজ করার সুযোগকে স্বাগত জানাচ্ছি।"

সাউদার্ন পোভার্টি ল সেন্টারের চিফ অফ স্টাফ লেসিয়া ব্রুকস বলেন, "আমরা ঘৃণার বিরুদ্ধে এতো স্পষ্ট ও শক্তিশালীভাবে কথা বলার জন্য এবং কৃষ্ণাঙ্গ ও বাদামি সম্প্রদায়সমূহের বিরুদ্ধে এইসব সহিংস, বর্ণবাদ দ্বারা অনুপ্রাণিত হামলা বন্ধে তার প্রচেষ্টার জন্য গভর্নর হোকলের প্রশংসা করছি। অনেক সহিংস চরমপন্থীর মতো, বাফেলোর অভিযুক্ত হামলাকারী অনলাইন শ্বেতাঙ্গ আধিপত্যবাদীতা সংস্কৃতি দ্বারা উদ্বুদ্ধ হয়েছে যা সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মসমূহে ঘৃণার ব্যাপক স্থায়ীকরণ দ্বারা সম্ভব হয়েছে। আজকের ঘোষিত প্রচেষ্টাগুলি ওয়েবের অন্ধকার কোনায় একটি উজ্জ্বল আলো জ্বালাবে যার ফলে পদক্ষেপ গৃহীত হবে এবং ভবিষ্যতের ভয়াবহ ঘটনা প্রতিরোধ করা যাবে। অনেক বেশি সময় ধরে, এই কোম্পানিগুলি জনসাধারণের কল্যাণ অপেক্ষা মুনাফাকে অগ্রাধিকার দিয়েছে, যার শেষ হতেই হবে। সোশ্যাল মিডিয়া কোম্পানিগুলিকেও নিজেদেরকে আরো অনেক বেশি পলিসি ও প্রটোকল প্রয়োগ করতে হবে যাতে ভুল তথ্য, ঘৃণাসূচক ও সহিংস বিষয়বস্তু অপসারণ করা যায়। আমরা এই চলমান প্রচেষ্টায় সহযোগিতা করতে প্রস্তুত আছি।"

মার্চ ফর আওয়ার লাইভস পলিসির পরিচালক জিনাত ইয়াহিয়া বলেন, "যখন শ্বেতাঙ্গ আধিপত্যবাদীতা এর কদাকার এবং প্রাণঘাতী মাথা উঁচু করে, আমাদের নেতৃবৃন্দের কাছ থেকে আমাদের দ্রুত পদক্ষেপ প্রয়োজন যাতে শ্বেতাঙ্গ আধিপত্যবাদীতাকে বিস্তারের স্থান প্রদান না করা হয়। আমরা দীর্ঘদিন ধরে খুনিদের জন্য 'কুখ্যাতি নয়' এর পক্ষে কথা বলেছি যাতে কপিক্যাট শুটার প্রতিরোধ করা যায়। এটি এখন স্পষ্ট যে 'কুখ্যাতি নয়' শ্বেতাঙ্গ আধিপত্যবাদীতার বিস্তার রোধেও সাহায্য করবে। সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মগুলির ভূমিকা তদন্ত করতে গভর্নর হোকলের নির্দেশ ঠিক তাই করবে, এবং বন্দুক লুপহোল বন্ধের পাশাপাশি এটি একটি জীবন রক্ষাকারী ব্যবস্থা হয়ে উঠবে। এই পদক্ষেপগুলি প্ররোচক, প্রতিক্রিয়াশীল নয়, এবং আমরা আনন্দিত যে গভর্নর সেগুলির প্রতি অঙ্গীকার করেছেন।"

গিফোর্ডস ল সেন্টার টু প্রিভেন্ট গান ভায়োলেন্সের ডেপুটি চিফ কাউন্সিল ডেভিড পুচিনো বলেন, "বাফেলোর ভয়াবহ গণ গুলিবর্ষণ, এবং যেই ঘৃণা এটিকে অনুপ্রাণিত করেছে, এগুলি আমরা গ্রহণ করছি না এবং কখনোই করবো না। আমরা এই অর্থহীন, ঘৃণ্য ঘটনার ভুক্তভোগীদের এবং প্রিয়জন হারিয়েছে যারা তাদের কষ্ট বুঝতে পারছি, কিন্তু আমাদের নজর এই দেশের আইন প্রণেতাদের উপর, যাদের নিঃসন্দেহে আরো কাজ করতে হবে। নিউ ইয়র্কজুড়ে সম্প্রদায়সমূহের দাবি হলো তাদেরকে বন্দুক সহিংসতা থেকে রক্ষা করতে আরো কাজ করা, এবং আমরা গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি এইসব অতি গুরুত্বপূর্ণ পদক্ষেপের আহ্বান করার জন্য।"

SAVE ইস্ট হার্লেম, GOSO, পরিচালক ওমর জ্যাকসন বলেন, "অনেক বেশিবার এমন হয়েছে যে একটি প্রাণঘাতী দুঃখজনক ঘটনা ঘটলে, আমাদের সম্প্রদায়কে সেই সহিংসতার ফল ভোগ করতে হয়। গত সপ্তাহান্তের মর্মান্তিক ঘটনা আমাদেরকে স্মরণ করিয়ে দেয় যে বন্দুক সহিংসতা ও ঘৃণার মারাত্মক এবং ক্রমবর্ধমান জনস্বাস্থ্য সঙ্কটের বিরুদ্ধে লড়াই করতে আমাদের আরো সংস্থান প্রয়োজন। "SAVE প্রতিদিন তরুণদের সাথে যোগাযোগ স্থাপন করার মাধ্যমে বন্দুক সহিংসতার বিরুদ্ধে লড়াই করে এবং আমাদের সমাজের জন্য মানসিক স্বাস্থ্যসেবায় আরো সংস্থান নিবেদন করা, বর্ণবাদের নিন্দা করা, বন্দুকের উপলভ্যতা হ্রাস করা এবং আমাদের সম্প্রদায়সমূহকে ঝুঁকির মুখে ফেলা ঘৃণা ও সহিংসতার বিরুদ্ধে প্রতিরোধ করা অতি গুরুত্বপূর্ণ।

সেন্ট্রাল ফ্যামিলি লাইফ সেন্টার, ট্রু টু লাইফের প্রোগ্রাম ম্যানেজার মাইক পেরি বলেন, "আমরা অর্থহীন বন্দুক সহিংসতায় নিহত ভিকটিমদের পরিবারের সাথে একাত্মতা প্রকাশ করছি। আমরা আশা করছি যে মর্মান্তিক এই ঘটনাটি নির্বাচিত কর্মকর্তাদের এখনই পদক্ষেপ নিতে এবং নিউ ইয়র্ক সিটিতে সহিংসতা প্রতিরোধ গ্রুপ সমর্থন করতে উদ্‌বুদ্ধ করবে। উপরন্তু, আমরা একত্রে কাজ করে এ ধরনের সহিংস কাজের সৃষ্টিকারী অসমতার ইতিহাস ভেঙ্গে ফেলতে কাজ করতে উন্মুখ।"

জ্যাকবি মেডিকেল সেন্টার, স্ট্যান্ড আপ ভায়োলেন্সের নির্বাহী কর্মসূচি পরিচালক কার্যা ডকিংস হ্যামিল্টন বলেন, "নিউ ইয়র্ক সিটি হেলথ+হাসপাতাল/জ্যাকবির স্ট্যান্ড আপ ভায়োলেন্স কর্মসূচিটি এই কঠিন সময়ে বাফেলোতে আমাদের সংসৃষ্ট SNUG কর্মসূচির সাথে এবং বাফেলোর বাসিন্দাদের সাথে একাত্মতা প্রকাশ করছে। আমরা আমাদের সম্প্রদায়কে

কলুষিত করা সহিংসতার বিরুদ্ধে রুখে দাঁড়াতে আমাদের নিবেদন অব্যাহত রাখছি এবং সেইসব বর্ণবাদ আদর্শের নিন্দা করছি যার ফলে এই মর্মান্তিক ঘটনা ঘটেছে। আমরা আমাদের নিউ ইয়র্ক স্টেট সম্প্রদায়সমূহে বিধ্বংসী সহিংসতা প্রতিরোধে আমাদের চলমান মিশনে অবিচল আছি।"

সেন্টার ফর কোর্ট ইনোভেশন, SOS সেভ আওয়ার স্ট্রিটস/RISE প্রকল্পের পরিচালক হেইলি নোলাস্কো বলেন, "আমরা জখন কোভিড-19 মহামারীর ফলে একটি নতুন স্বাভাবিকে মানিয়ে নেওয়ার চেষ্টা করছি, তখন এটি একটি দুর্ভাগ্যজনক বাস্তব যে বন্দুক সহিংসতা অনেক অন্তর্নিহিত সমস্যার কারণে বর্ধিত হয়েছে যেমন নজিরবিহীন বেকারত্ব, মানসিক স্বাস্থ্য সমস্যা, এবং সংস্থানের বর্ধিত প্রতিবন্ধকতার প্রভাব। নিউ ইয়র্ক এবং দেশজুড়ে এলাকাসমূহ বন্দুক সহিংসতার সাথে আসা পীড়া ও ট্রমা দ্বারা বিহ্বল হয়ে আছে। সমস্যাটির জন্য সম্প্রদায় কেন্দ্রিক জননিরাপত্তা দীর্ঘমেয়াদি বিনিয়োগ প্রয়োজন যা বহুমুখী হবে এবং প্রতিরোধ ও পদক্ষেপকে একত্র করবে। আমাদেরকে অবশ্যই এই সমস্যাগুলির মূল কারণ বের করতে হবে এবং নিশ্চিত করতে হবে যে একটি বন্দুক ব্যবহার করা বা এর দ্বারা ক্ষতিগ্রস্ত হওয়ার সর্বাধিক সম্ভাব্য তরুণেরা যাতে SOS সেভ আওয়ার স্ট্রিটস এবং NYC সঙ্কট ব্যবস্থাপনা সিস্টেমের মতো বিশ্বস্ত মেসেঞ্জার কর্মসূচির সাথে যুক্ত থাকতে পারে।"

কমিউনিটি ক্যাপাসিটি ডেভেলপমেন্টের নির্বাহী পরিচালক ও প্রতিষ্ঠাতা কে. বেইন বলেন, "যদিও যেকোনও মানুষের অর্থহীনভাবে জীবন হারানো একটি দুঃখজনক ঘটনা, তবে বাফেলোর কৃষ্ণাঙ্গ সম্প্রদায়ের বিরুদ্ধে হওয়া এই আক্রমণের বর্ণবাদের সাথে সংশ্লিষ্টতা উদ্বেগজনক। আমরা এটিকে শুধু একজন মানসিক বিকারগ্রস্ত মানুষের বিচার-বুদ্ধিহীন কাজ হিসেবে ধরে নিতে পারি না। আমরা দেশের সকল পর্যায়ের, এবং রাজনৈতিক, ধর্মীয়, একাডেমিক, ব্যবসা ও সম্প্রদায়ের প্রতিষ্ঠান নির্বিশেষে সকল নেতৃবৃন্দকে আহ্বান করছি যাতে তারা অবিলম্বে বিশেষভাবে কৃষ্ণাঙ্গ, বাদামি, এশিয়ান এবং আদিবাসী মানুষকে লক্ষ্য করা বর্ণবাদ দ্বারা অনুপ্রাণিত, সিস্টেমিক সহিংসতার ঐতিহাসিকভাবে স্থাপিত প্যাটার্ন ভাঙ্গতে কাজ করে।"

লাইফ ক্যাম্পের প্রধান নির্বাহী কর্মকর্তা এরিকা ফোর্ড বলেন, "LIFE ক্যাম্প গভর্নর হোকলের ঘৃণা অপরাধের বিরুদ্ধে সরব হওয়া এবং বন্দুক সহিংসতা নির্মূলে বিনিয়োগের জন্য তার প্রশংসা করছে এবং আমরা আহ্বান করছি স্টেটের বিনিয়োগে যাতে সাংস্কৃতিকভাবে নেতৃত্ব দেওয়া গোষ্ঠী এবং নিরাময় ও ট্রমা থেকে সেরে উঠার ফ্রন্টলাইন বিশেষজ্ঞদের এবং একইসাথে বৈচিত্র্যময় সম্প্রদায়ের সহিংসতার ইন্টারভেনশন গোষ্ঠীকে অন্তর্ভুক্ত করা হয়।"

এভরিটাউন ফর গান সেফটির প্রেসিডেন্ট জন ফাইনব্ল্যাট বলেন, "নেতৃত্বের সত্তা হলো বাফেলোর গণ গুলিবর্ষণের মতো দুঃখজনক ঘটনার ক্ষেত্রে শুধু বলার জন্য নয়, বরং বাস্তব সমাধান নিয়ে সাড়াদান করা, এবং গভর্নর হোকল এইসব জীবন রক্ষাকারী পলিসিকে সমর্থন করার মাধ্যমে ঠিক তাই করছেন। আমাদের কাছে ইতিমধ্যেই বন্দুক সহিংসতা প্রতিরোধ করতে প্রয়োজনীয় ব্যবস্থার অনেকগুলিই রয়েছে, এখন আমাদেরকে নিশ্চিত করতে হবে আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, মানসিক স্বাস্থ্য পেশাদার, স্কুলের প্রশাসন, এবং প্রতিদিনের নিউ ইয়র্কবাসীরা যাতে সেই ব্যবস্থা ব্যবহার করতে পারে।"

এভরিটাউন সার্ভাইভার ফেলো এবং মমস ডিমান্ড অ্যাকশনের নিউ ইয়র্ক চ্যাপ্টারের স্বেচ্ছাসেবক পামেলা হাইট, যার ছেলে ইয়া-কুইন ইংলিশকে 2013 সালে গুলি করে হত্যা করা হয় এবং ছেলে জেরেমাইন হাইটকে 2016 সালে ছুরিকাঘাত করে হত্যা করা হয়, বলেন, "আমি গভর্নর হোকলের প্রতি কৃতজ্ঞ, যিনি আমার মতো বন্দুক সহিংসতার ভুক্তভোগীদের পাশে দাঁড়াচ্ছেন। বাফেলোর গুলিবর্ষণ আমাকে প্রবলভাবে প্রভাবিত করেছে, ভিকটিমগণ আমার মতো দেখতে, আমার মতো জীবনযাপন করতো এবং আমার মতো ভালোবাসতো। আমার বাচ্চাদের আর কোনও কিছুই ফিরিয়ে আনতে পারবে না, কিন্তু আমি গভর্নর হোকলের প্রতি গভীরভাবে কৃতজ্ঞ যে তিনি ঘৃণা বন্ধ করতে এবং আরো পরিবারের এই একই কষ্ট পাওয়া প্রতিরোধ করতে পদক্ষেপ নিচ্ছেন।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন